

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৬৫.০৩২.১০.০০.০০৩.২০১৫-২৫৪

তারিখ: ২৫-০৯-২০১৮ খ্রি:


বিষয়ঃ লাইফস্টাইল এন্ড হেলথ এডুকেশন এন্ড প্রমোশন (এলএন্ডএইচইপি) ওপি'র ২০১৮-২০১৯ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণ প্ল্যান-এ প্রশাসনিক অনুমোদন

সূত্রঃ স্বাঃঅঃ/স্বাঃশিঃব্যঃ/ক্রয় পরিকল্পনা/২০১৮/২৩৬৩, তাং- ১৬-০৮-২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রে পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, লাইফস্টাইল এবং হেলথ এডুকেশন এন্ড প্রমোশন এর প্রস্তাব মোতাবেক উক্ত ওপি'র ২০১৮-২০১৯ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের ৩৪টি ব্যাচে ৮৪৮ জন প্রশিক্ষণার্থীর বিপরীতে প্রণীত ১৪০.৮৪ লক্ষ (এক কোটি চল্লিশ লক্ষ চুরাশি হাজার) টাকার স্থানীয় প্রশিক্ষণ এবং ২টি ব্যাচে ১২ জন প্রশিক্ষণার্থীর বিপরীতে প্রণীত ৪৯.০০ লক্ষ (উনপঞ্চাশ লক্ষ) টাকার বৈদেশিক প্রশিক্ষণসহ মোট (১৪০.৮৪+৪৯.০০) = ১৮৯.৮৪ লক্ষ (এক কোটি উননব্বই লক্ষ চুরাশি হাজার) টাকার প্রশিক্ষণ প্ল্যান-এ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এর বিদ্যমান বিধি-বিধান যথাযথ অনুসরণ করতে হবে;
- (খ) বর্ণিত প্যাকেজের প্রশিক্ষণ যথাযথভাবে সম্পন্ন হওয়ার বিষয়টি লাইন ডাইরেক্টর কর্তৃক নিশ্চিত করতে হবে;
- (গ) বৈদেশিক প্রশিক্ষণের ক্ষেত্রে লাইন ডাইরেক্টর সরাসরি প্রশিক্ষণ ইনস্টিটিউটের সাথে যোগাযোগপূর্বক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করবে; এক্ষেত্রে কোন এজেন্ট-এর সহযোগিতা গ্রহণ করা যাবে না;
- (ঘ) বৈদেশিক প্রশিক্ষণ ইনস্টিটিউটের সাথে যোগাযোগ সংক্রান্ত ডকুমেন্টস-এর অনুলিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- (ঙ) বৈদেশিক প্রশিক্ষণ শেষে দেশে প্রত্যাবর্তন এর পর প্রশিক্ষণ সংক্রান্ত একটি বিস্তারিত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং দলগতভাবে প্রশিক্ষণের প্রায়োগিক দিক সম্পর্কে একটি উপস্থাপনা প্রদান করতে হবে;
- (চ) স্থানীয় প্রশিক্ষণের ১ সপ্তাহ পূর্বে প্রশিক্ষণের বিস্তারিত পরিকল্পনা স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করতে হবে (ভেনু, ব্যয় বিভাজন ইত্যাদিসহ)
- (ছ) স্থানীয় প্রশিক্ষণে Institution Based প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে নিপোর্ট, নিপসমকে অগ্রাধিকার দিয়ে অন্যান্য প্রতিষ্ঠানের সাথে প্রয়োজনীয় যোগাযোগ/সমন্বয় করতে হবে;
- (জ) প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারিগণের ডাটাবেজ তৈরি করতে হবে।
- (ঝ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (ঞ) ক্রয় পরিকল্পনা বাস্তবায়নকালে প্রয়োজ্য সকল আর্থিক বিধি বিধান অনুসরণ করতে হবে।

  
(হাসান মাহমুদ)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর,  
লাইফস্টাইল এবং হেলথ এডুকেশন এন্ড প্রমোশন  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

অনুলিপিঃ

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।